

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় : নৌপরিবহন মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ প্রণয়নের অগ্রগতি আলোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	: বেগম লায়লা জেসমিন, অতিরিক্ত সচিব (প্রশাসন)
সভার তারিখ	: ১৮-০৯-২০২২
সময়	: বেলা ১১.০০ টা।
স্থান	: নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বার্ষিক প্রতিবেদনে ২০২১-২০২২ অর্থবছরে মন্ত্রণালয়, দপ্তর ও সংস্থাসমূহ কর্তৃক বাস্তবায়িত গুরুত্বপূর্ণ ও উল্লেখযোগ্য কার্যক্রমের তথ্যাদি যথাযথভাবে সন্নিবেশের নির্দেশনা দেন। তিনি আরো বলেন, দপ্তর ও সংস্থার সম্পাদিত কার্যক্রমের বাছাইকৃত ছবিও (ওয়েল এক্সপোজড ও হাই রেজুলেশন, মিনিমাম ২০০ পিপিপি আই) প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে। একটি মানসম্পন্ন বার্ষিক প্রতিবেদন প্রকাশের কাজে তিনি সবার সহযোগিতা কামনা করেন। অতঃপর সভাপতির অনুরোধে সভায় বার্ষিক প্রতিবেদন প্রকাশের অগ্রগতি সম্পর্কে তথ্য উপস্থাপন করা হয়।

০২। নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব মোছা: জেসমিন আকতার বানু সভাকে অবহিত করেন যে, বার্ষিক প্রতিবেদন, ২০২১-২০২২ প্রকাশের লক্ষ্যে দপ্তর ও সংস্থা হতে নির্ধারিত ছকে তথ্য সংগ্রহ করা হয়েছে। এছাড়া প্রতিবেদনে অন্তর্ভুক্তির লক্ষ্যে হালনাগাদ কার্যক্রমের তথ্য প্রদানের জন্য মন্ত্রণালয়ের সব শাখাকেও অনুরোধ জানানো হয়েছে। তিনি অগ্রগতি সম্পর্কে নিম্নরূপ তথ্য সভাকে অবহিত করেনঃ

- ১) নির্বাচনী ইস্তেহার অনুযায়ী কার্যক্রমের সর্বশেষ হালনাগাদ তথ্য প্রদানের জন্য সকল দপ্তর/সংস্থা প্রধানগণকে পত্র দেয়া হয়েছে।
- ২) নতুন ৪টি মেরিন একাডেমীর মধ্যে পাবনা মেরিন একাডেমীর তথ্য পাওয়া গেছে। অবশিষ্ট ৩টি মেরিন একাডেমীর তথ্য প্রেরণের জন্য তাগিদ দেয়া হয়েছে।
- ৩) মাননীয় প্রতিমন্ত্রী ও সচিব মহোদয়ের বাণীর খসড়া পেশ করা হয়েছে।
- ৪) বার্ষিক প্রতিবেদন-২০২১-২০২২ এর প্রকাশনার লক্ষ্যে RFQ পদ্ধতিতে ইতোমধ্যে ৪টি প্রতিষ্ঠানের দর প্রস্তাব পাওয়া গেছে।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত হয়:

- ক) নৌপরিবহন মন্ত্রণালয়ের অধিনস্থ সকল দপ্তর ও সংস্থা থেকে ২০২১-২০২২ অর্থবছরে বাস্তবায়িত উল্লেখযোগ্য অর্জনের ১টি ছবি (ওয়েল এক্সপোজড ও হাই রেজুলেশন, মিনিমাম ২০০ পিপিপি আই) আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে (smhumayunkabirsarkar Google Drive) মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
- খ) প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে প্রাপ্ত দর প্রস্তাব বিধি মোতাবেক যাচাই-বাছাই করে চূড়ান্ত করতে হবে।

০৪। সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।


স্বাক্ষরিত/-
২৭/০৯/২০২২
লায়লা জেসমিন
অতিরিক্ত সচিব(প্রশাসন)

নং-১৮.০০.০০০০.০১৬.১৬.০১৪.২১- ৪৭৪

তারিখ: ২৮.০৯.২০২২ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে):

- ১। অতিরিক্ত সচিব(প্রশাসন/উন্নয়ন/সংস্থা-১/সংস্থা-২), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, জানরক/চবক/মোবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি।
- ৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৫। যুগ্মসচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। উপসচিব(উন্নয়ন-১), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপসচিব(প্রশাসন-১), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা। (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৯। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১০। সিনিয়র সহকারী সচিব(পরিকল্পনা-২), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। কম্যান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম/রংপুর/বরিশাল/সিলেট/পাবনা।
- ১২। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
- ১৩। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।


২৮/৯/২০২২
এস এম হুমায়ুন কবির সরকার
উপসচিব
ফোন : ০২-৫৫১০০৯৩৬